



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।  
ফোন : ০২৯৯৭৭১০৪৪০, ০২৯৯৭৭১০৪৪৩, E-mail : chairmanbisemym@gmail.com,  
[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

তারিখঃ ৩০/০৩/২০২৬ খ্রি.

স্মারক নংঃ ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/১৮৪

বিষয়ঃ ২০২৬ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্রসচিব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের শ্রেণিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০২৬-এর অনুচ্ছেদ: ২.৪.৩-এ বর্ণিত আছে:

কেন্দ্র কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্রসচিব নির্বাচিত করবেন। কোনো কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান-এর অনুমোদনক্রমে কেন্দ্রের আওতাধীন অন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মধ্য থেকে দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোনো শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোনো কেন্দ্রের পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি, কেন্দ্র সচিব হতে পারবেন না।

উক্ত অনুচ্ছেদের পরিবর্তে নিম্নবর্ণিত অনুচ্ছেদ ২.৪.৩-এ প্রতিস্থাপিত হবে।  
কেন্দ্র কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্রসচিব নির্বাচিত করবেন। বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র প্রতিষ্ঠান প্রধান কেন্দ্রসচিব হবেন। কোনো কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান-এর অনুমোদনক্রমে কেন্দ্র প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক অথবা সিনিয়র শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোনো শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোনো কেন্দ্রের পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্রসচিব হতে পারবেন না।

এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

কেন্দ্র সচিব  
অত্র বোর্ডের আওতাধীন  
সকল মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্র/২০২৬

  
৩০/০৩/২৬  
(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ  
ফোন : ০২৯৯৭৭১০৪৪২  
Email : conbisemym@gmail.com

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোণা;
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোণা;
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৫। অফিস কপি।

rafidox26

  
৩০/০৩/২৬